

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
[www.udd.gov.bd](http://www.udd.gov.bd)

স্মারক নং- ২৫.০৩.০০০০.০০০.০০২.১৪.০০০৫.২১- ৯৮

তারিখঃ ১৩/০১/২০২৬

### গণশুনানির বিজ্ঞপ্তি

বিষয়ঃ নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “নয়টি উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পাইলট প্রকল্প (সংশোধিত ১০টি উপজেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত খসড়া সমন্বিত উন্নয়ন পরিকল্পনা উপর গণশুনানি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “নয়টি উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পাইলট প্রকল্প (সংশোধিত ১০টি উপজেলা) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় চাঁদপুর জেলার হাজিগঞ্জ ও শাহারাস্তি, জামালপুর জেলার বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জ উপজেলা, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর ও শান্তিগঞ্জ উপজেলা, লালমনিরহাট জেলার লালমনিরহাট সদর উপজেলা এবং মাগুরা জেলার মহম্মদপুর ও শালিখা উপজেলার টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া সমন্বিত উন্নয়ন পরিকল্পনাসমূহ (মাস্টার প্ল্যান) ওয়েব পোর্টালে ([www.9UPZ.gov.bd/publichearing](http://www.9UPZ.gov.bd/publichearing)) সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। উক্ত খসড়া পরিকল্পনার (মাস্টার প্ল্যানের) উপর ওয়েব পোর্টালের নির্দিষ্ট লিংকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

একইসাথে স্থানিক পরিকল্পনা অধ্যাদেশ, ২০২৫ অনুসারে চাঁদপুর জেলার হাজিগঞ্জ ও শাহারাস্তি, জামালপুর জেলার বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জ উপজেলা, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর ও শান্তিগঞ্জ উপজেলা, লালমনিরহাট জেলার লালমনিরহাট সদর উপজেলা এবং মাগুরা জেলার মহম্মদপুর ও শালিখা উপজেলার জন্য প্রণীত খসড়া সমন্বিত উন্নয়ন পরিকল্পনাসমূহ (মাস্টার প্ল্যান) এর উপর আগামী ১৫ জানুয়ারি, ২০২৬ থেকে ১৪ ফেব্রুয়ারী ২০২৬ পর্যন্ত মাসব্যাপী সংশ্লিষ্ট উপজেলায় গণশুনানি অনুষ্ঠিত হবে। উক্ত গণশুনানিতে সংশ্লিষ্ট উপজেলার জনসাধারণকে উপস্থিত থেকে লিখিত মতামত প্রদানের জন্য সবিশেষ অনুরোধ করা হলো।

(কাজী মোঃ ফজলুল হক)

সিনিয়র প্ল্যানার ও প্রকল্প পরিচালক  
“নয়টি উপজেলার সমন্বিত উন্নয়ন পরিকল্পনা  
প্রণয়নের পাইলট প্রকল্প (সংশোধিত ১০টি  
উপজেলা) (১ম সংশোধিত)  
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-১০০০।